





ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
নগর ভবন, ঢাকা।
www.dsc.gov.bd



P
১৫/০৫/২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর আওতাধীন বিভিন্ন শরীরচর্চা কেন্দ্র/ব্যায়ামাগারসমূহ “ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ব্যায়ামাগার পরিচালনার নীতিমালা, ১৪২৯ বঙ্গাব্দ”-এর আলোকে যৌথ অংশীদারীর ভিত্তিতে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালনার লক্ষ্যে নিবন্ধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে, আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে ‘মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন’ বরাবর ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক আগামী ৩০ মে, ২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার বিকাল-৪.০০ ঘটিকার মধ্যে প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তার দপ্তর হতে আবেদনপত্র সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। আবেদন পত্রের সাথে প্রতিটি শরীরচর্চা কেন্দ্র/ব্যায়ামাগারের জন্য এককালীন ৩ (তিন) বছরের নির্ধারিত ভাড়া/ইজারামূল্য সমপরিমাণ টাকার পে-অর্ডার উক্ত সময়ের মধ্যে প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতিটি ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২০২৩-২০২৪ অর্থ বছরের ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত নিবন্ধন করা হবে। কোন ব্যক্তি/প্রতিষ্ঠান একাধিক শরীরচর্চা কেন্দ্র/ব্যায়ামাগারের জন্য আবেদন করতে পারবেন। সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে পৃথক পৃথক আবেদনপত্রে পৃথক পৃথক পে-অর্ডার জমা দিতে হবে।


১৫/০৫/২৩

(মোঃ তাজনুর ইসলাম)

প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা

(ছুটিকালীন প্রতিভূ)

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

ফোন নং: ০২-২২৩৩৮৬৪৯৬

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৪.০০.৪৭৬.২০২১- ৫৪৬

তারিখ :

০১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., ঢাদসিক।
- ২। মেয়রের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাদসিক।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাদসিক।
- ৪। সিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য), ঢাদসিক।
- ৫। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়কে সদয় অবগত করার জন্য), ঢাদসিক।
- ৬। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক (নোটিশ বোর্ড টাঙ্গানোর ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
- ৭। সমাজকল্যাণ কর্মকর্তা/সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল-....., ঢাদসিক।
- ৮। শরীর চর্চা প্রশিক্ষক, অঞ্চল-....., ঢাদসিক।
- ৯। অফিস কপি।